অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক আইল্যান্ডারদের নতুন আবাস - UBS এরিনার ফিতা কেটে উদ্বোধন করলেন

নতুন 19,000-আসনের UBS এরিনা সার্বিক 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেলমন্ট পার্ক পুনর্গঠন প্রকল্পের একটি প্রধান মাইলফলক

নতুন LIRR এলমন্ট-UBS এরিনা স্টেশনের কাজ সম্পন্ন হয়েছে

মোট প্রকল্পটি 10,000 কর্মসংস্থান সৃষ্টি করবে, 2.7 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে

নতুন এরিনার ছবি পাওয়া যাবে এখানে

নতুন এরিনার এরিয়াল ভিডিও দেখা যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে UBS এরিনা খুলে দেওয়ার ঘোষণা দিলেন, যা নিউ ইয়র্ক আইল্যান্ডারদের (New York Islanders) লং আইল্যান্ডে ঘরে ফিরিয়ে আনবে। নতুন এরিনাটি সার্বিক 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেলমন্ট পার্ক পুনর্গঠন প্রকল্পের (Belmont Park Redevelopment Project) একটি প্রধান মাইলফলক, প্রকল্পটি 43 একর স্বল্পব্যবহৃত পার্কিং লটকে প্রধান ক্রীড়া ও আতিথেয়তা গন্তব্যে রূপান্তরিত করছে। নিউ ইয়র্ক আইল্যান্ডার হকি দলের নতুন ঘর হওয়ার পাশাপাশি, UBS এরিনাতে বছরজুড়ে কনসার্ট, লাইভ বিনোদন এবং অন্যান্য অনুষ্ঠান হবে। বেলমন্ট পার্ক পুনর্গঠন প্রকল্পের ভবিষ্যৎ পর্যায়ে থাকবে একটি 350,000 বর্গফুট গন্তব্য বিনোদন এবং খুচরা বিক্রির কমপ্লেক্স, একটি 250-চাবির হোটেল ও কমিউনিটি সেন্টার।উপরন্তু, আসন্ন মাসগুলিতে জনসাধারণের জন্য দুইটি পুনর্বাসিত স্থানীয় পার্ক পুনরায় খুলে দেওয়া হবে। প্রকল্পের সকল উপাদানের নির্মাণ নাসাউ কাউন্টিতে 10,000 কর্মসংস্থান সৃষ্টি করবে, 2.7 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

"আজ নিউ ইয়র্ক এবং আইল্যান্ডার্সের জন্য একটি বিরাট স্মারক দিন কারণ আমরা বিশ্বমানের নতুন UBS এরিনার ফিতা কেটে উদ্বোধন করলাম," **গভর্নর হোকল বলেন।** "নতুন করে পুনর্গঠিত বেলমন্ট পার্কের প্রথম ধাপ, যা ক্রীড়া, বিনোদন, খুচরা বিক্রি ও আতিথেয়তার জন্য

আন্তর্জাতিকভাবে স্বীকৃত গন্তব্য হয়ে উঠবে। নিউ ইয়র্ক যখন কোভিড মহামারী থেকে সেড়ে উঠছে, তখন আগামী প্রজন্মগুলির জন্য আঞ্চলিক অর্থনীতি জোরদার করা এবং পর্যটন বৃদ্ধি করার জন্য বেলমন্ট পার্ক অত্যন্ত সহায়ক হবে।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "নতুন UBS এরিনার উদ্বোধন শুধু আইল্যান্ডার্সদের জন্য দারুণ নয়, বরং বেলমন্ট পার্কের সংস্কার নাসাউ কাউন্টি সম্প্রদায়ের জন্য সুন্দর এক সংযোজন হবে। নতুন প্রকল্পটি এলাকায় বিনোদন ও অর্থনৈতিক কর্মকাণ্ড আনবে এবং এটিকে ক্রীড়া থেকে শুরু করে আতিথেয়তা পর্যন্ত সকল কিছুর আন্তর্জাতিক কেন্দ্র বানাবে, আমি নতুন এরিনাকে কার্যকর হতে দেখার জন্য উদগ্রীব হয়ে আছি।"

2017 সালে ঘোষিত, বেলমন্ট পার্ক পুনর্গঠন প্রকল্পতে (Belmont Park Redevelopment Project) রয়েছে সম্প্রদায় ও জনসাধারণের জন্য উল্লেখযোগ্য সুবিধা, যেমন এলমন্টে একটি নতুন লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR) স্টেশন, যা হবে প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন পূর্ণকালীন LIRR স্টপেজ। 2024 সালের মধ্যে, প্রকল্পটি 3,200 নতুন পূর্ণকালীন কর্মসংস্থান ধারণ, বার্ষিক অর্থনৈতিক কর্মকাণ্ডে 858 মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন, এবং আঞ্চলিক অর্থনীতির জন্য মিলিয়ন মিলিয়ন ডলার নতুন বার্ষিক কর রাজস্ব সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

নতুন LIRR এলমন্ট স্টেশন
লং আইল্যান্ড রেল রোড এলমন্ট স্টেশন, প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন LIRR স্টেশন, সেবার জন্য খুলে দেওয়া হবে 20 নভেম্বর, শনিবার, যা UBS এরিনাতে নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের ঘরের মাঠে প্রথম খেলারও দিন। এলমন্ট-UBS এরিনা স্টেশনটি প্রারম্ভিকভাবে এলমন্ট পর্যন্ত পূর্বগামী সেবা প্রদান করবে, UBS এরিনা ও বেলমন্ট পার্কে সেবা প্রদান করবে যার নিজস্ব খণ্ডকালীন স্টেশনও চালু থাকবে।

পশ্চিমগামী প্ল্যাটফর্ম খুললে পরের গ্রীষ্মে স্টেশনের পরিষেবা বাড়বে। সেই সময়ে, স্টেশনটি স্থানীয় সম্প্রদায়ের জন্য পূর্ণ-সময়ের সারা বছরের পরিষেবা শুরু করবে এবং UBS এরিনা এবং বেলমন্ট পার্কের ইভেন্টগুলিতে পশ্চিমগামী যাতায়াতের পরিষেবা প্রদান করা শুরু করবে। হেম্পস্টেড, অয়েস্টার বে, পোর্ট জেফারসন এবং রনকনকোমা শাখায় বেলমন্টের পূর্বে বসবাসকারী লং আইল্যান্ডবাসীরা প্রথমবারের মতো ইভেন্টে সরাসরি একটি আসনের রাইড পাবেন। এটি ভ্রমণের সময় কমিয়ে দেবে এবং লং আইল্যান্ডে যানজট কমাতে সাহায্য করে গণ পরিবহন ব্যবহার করে এমন ইভেন্টে অংশগ্রহণকারীদের সংখ্যা বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে।

উভয় প্ল্যাটফর্ম সম্পূর্ণ হলে, নতুন স্টেশনে অন্তর্ভুক্ত হবে ক্যানোপি সহ দুটি 12-কার-দীর্ঘ উচ্চ-স্তরের প্ল্যাটফর্ম, আমেরিকানস উইথ ডিজেবিলীটিজ আইনের সাথে সঙ্গতিপূর্ণ লিফট, একটি পথচারীদের ওভারপাস, USB চার্জিং স্টেশন, হেল্প পয়েন্ট, নিরাপত্তা ক্যামেরা, ট্রেনের আগমনের তথ্য সহ ডিজিটাল চিহ্ন, ওয়াই-ফাই এবং শীতকালীন ঝড়ের সময় তুষার ও বরফ মুক্ত থাকা নিশ্চিত করতে প্লাটফর্মের কংক্রিটে এমবেড করা একটি অত্যাধুনিক তুষার গলানোর ব্যবস্থা।

পুনর্বাসিত এলমন্ট রোড পার্ক এবং হেনড্রিকসন অ্যাভিনিউ পার্ক
সার্বিক প্রকল্পের অংশ হিসেবে, নিউ ইয়র্ক এরিনা পার্টনারস (New York Arena Partners) এলমেন্ট পার্ককে (Elmont Road Park) সংস্কার করছে এবং হেনড্রিকসন অ্যাভিনিউ পার্কের (Hendrickson Avenue Park) উন্নয়ন করছে। এলমন্ট রোড পার্কের পরিকল্পনা স্থানীয় সম্প্রদায়ের সাথে 2019 সালের এপ্রিলের একটি আয়োজিত পরিকল্পনা ওয়ার্কশপে বাসিন্দাদের প্রদত্ত ধারণার উপর ভিত্তি করে তৈরি হয়েছে। সম্পূর্ণ হওয়ার পর, এলমন্ট রোড পার্কে থাকবে একটি নতুন বহু ব্যবহারের ক্রীড়া মাঠ, সংস্কারকৃত বাস্কেটবল ও হ্যান্ডবল কোর্ট, একটি পরিধিজুড়ে হাঁটার পথ, একটি নতুন প্রাপ্তবয়স্কদের ফিটনেস স্থান, নতুন খেলার মাঠ ও পানিতে খেলার স্থান, সংস্কারকৃত বসার এলাকা, উন্নত আলোর ব্যবস্থা ও নিরাপত্তা ব্যবস্থা, এবং ADA সুবিধা। হেনড্রিকসন অ্যাভিনিউ পার্কের উন্নয়নের মধ্যে রয়েছে উন্নত আলোর ব্যবস্থা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রধান হিসেবে মনোনীত কেভিন ল বলেন, "যখন নিউ ইয়র্ক স্টেট তার দুয়ার পুনরায় খুলে দিচ্ছে, তখন নতুন UBS এরিনা ও এলমন্ট আইল্যান্ড লং আইল্যান্ড রেল রোড স্টেশন উদ্বোধন হল একটি পরিষ্কার বার্তা প্রেরণ যে লং আইল্যান্ড ব্যবসার জন্য খোলা আছে। নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের নতুন ঘরের মাঠ ও লাইভ বিনোদন অনুষ্ঠানের ভেন্যু হিসেবে, UBS এরিনা অঞ্চলের পর্যটন ও অর্থনৈতিক কর্মকাণ্ডে উল্লেখযোগ্য বৃদ্ধি সৃষ্টি করবে। পর্যটন ও আতিথেয়তা স্টেটের অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ এবং বেলমন্ট পার্কের পুনর্গঠন এলাকাটিকে প্রধান বিনোদন গন্তব্য হিসেবে রূপান্তরিত করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার ও প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে মনোনীত হোপ নাইট বলেন, "কয়েক বছর ধরে সম্প্রদায়ের নেতা ও স্টেকহোল্ডারদের সাথে উন্মুক্ত, সমবেত পরিকল্পনার পর, আমরা নতুন UBS এরিনার ফিতা কেটে উদ্বোধন করলাম, এটি একটি বিশ্বমানের ক্রীড়া ও বিনোদন গন্তব্য যা হকি ভক্ত ও নিউ ইয়র্কবাসীর জন্য দীর্ঘস্থায়ী স্মৃতি সৃষ্টি করবে। লং আইল্যান্ডের ভবিষ্যৎ উজ্জ্বল কারণ পুনর্গঠিত বেলমন্ট পার্ক নতুন কর্মসংস্থান ও কর রাজস্ব সৃষ্টি করবে যা অঞ্চলের অর্থনৈতিক বিকাশ শুরু করবে।"

নিউ ইয়র্ক আইল্যান্ডার্সের সহ-মালিক জন লেডেকি বলেন, "এটি আমাদের বিশেষাধিকার যে আমরা ভক্ত ও অঞ্চলজুড়ে নিউ ইয়র্কবাসীদের সাথে উদযাপন করবো যখন নিউ ইয়র্কের নতুন ল্যান্ডমার্ক আজকে খুলবে। আমরা ধন্যবাদ দিচ্ছি গভর্নর হোকল, নির্বাচিত কর্মকর্তা, এবং আমাদের সম্প্রদায়ের সেইসব সদস্যকে যারা আজকের দিনকে বাস্তবে পরিণত করতে কঠোর পরিশ্রম করেছেন।"

ন্যাশনাল হকি লিগ (NHL) কমিশনার গ্যারি বেটম্যান বলেন, "আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক আইল্যান্ডার্স, তাদের ভক্তগণ, সরকারে ও বেসরকারি খাতে আমাদের অংশীদারদের অভিনন্দন জানাতে চাই, যাদের স্বপ্ন, কঠোর পরিশ্রম ও অঙ্গীকার আজকের ঐতিহাসিক দিনকে সম্ভব করেছে। বহু বছর ধরে আইল্যান্ডার্সরা একটি প্রথম শ্রেণীর, অত্যাধুনিক এরিনাকে নিজেদের ঘরের মাঠ বলতে পারার স্বপ্ন দেখেছে। আজকে, সেই স্বপ্ন সত্যি হল।"

স্টার্লিং প্রোজেক্ট ডেভেলপমেন্টের সহপ্রতিষ্ঠাতা জেফ উইলপন ও রিচার্ড ব্রাউন বলেন, "UBS এরিনা উদ্বোধনের সময় টিম ও স্কটের সাথে দাঁড়াতে পেরে আমরা অত্যধিক গর্বিত। গভর্নর, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ও অফিস অফ জেনারেল সার্ভিসেসের নিবেদিত কর্মী, এমন স্থানীয় নির্বাচিত কর্মকর্তা যারা এই স্থানীয় সম্প্রদায়কে রূপান্তরকারী যুগান্তকারী সরকারি-বেসরকারি অংশীদারিত্বকে সমর্থন করেছেন তাদের প্রতি আমাদের অসংখ্য ধন্যবাদ।"

UBS আমেরিকাস প্রেসিডেন্ট টম নারাটিল বলেন, "আমরা বিশ্বের আর্থিক, বিনোদন ও ক্রীড়া রাজধানীতে প্রজন্মে একবারই পাওয়া যায় এমন সুযোগের অংশ হতে পেরে অত্যন্ত গর্বিত। দেশের মুখ্য ভেন্যুতে UBS-র নাম দেখতে পাওয়া অত্যন্ত আকর্ষণীয়, এবং আমরা UBS এরিনাকে ভক্তদের, সম্প্রদায়ের এবং আইল্যান্ডার্স জাতির জন্য বাস্তবে পরিণত করা পার্টনার্স পরিবারের অংশ হতে পেরে কৃতজ্ঞ।"

ওক ভিউ গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা টিম লিউয়েক বলেন, "আমরা এই সপ্তাহান্তে ভক্তদের UBS এরিনাতে স্বাগত জানাতে পেরে অত্যন্ত আনন্দিত। একদম নতুন, অত্যাধুনিক শিল্প ভবনটি সঙ্গীতের জন্য বানানো ও হকির জন্য নির্মিত হয়েছে এবং এই এলাকায় অদ্বিতীয় অভিজ্ঞতা প্রদান করবে। ধন্যবাদ গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেটকে, আমাদের দল ও এই প্রকল্পের প্রতি তাদের অপরিসীম সমর্থনের জন্য।"

প্রায় দুই বছর ধরে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং নিউ ইয়র্ক বেলমন্ট পার্টনার্স ও তাদের সহযোগী নিউ ইয়র্ক এরিনা পার্টনার্স, ওক ভিউ গ্রুপের একটি যৌথ উদ্যোগ, নিউ ইয়র্ক আইল্যান্ডার্স ও জেফ উইলপন, বেলমন্ট পুনর্গঠন প্রকল্পকে চালিত করেছেন একটি কঠোর ও স্বচ্ছ জনগণের পর্যালোচনা প্রক্রিয়ার মধ্য দিয়ে, যার মধ্যে ছিল 12টি গণ মিটিং এবং শুনানি এবং স্থানীয় সংগঠন ও স্টেকহোল্ডারদের মধ্যে চলমান মিটিং। স্থানীয় কর্মকর্তা, সম্প্রদায়ের সদস্য এবং প্রকল্পের কমিউনিটি অ্যাডভাইজরি কমিটির মতামত প্রকল্পের প্রতিটি ধাপে ব্যবহৃত হয়েছে, যার মধ্যে রয়েছে নতুন এলমেন্ট-UBS এরিনা LIRR স্টেশন এবং এলমন্ট রোড পার্কের সংস্কার। 2019 সালের গ্রীষ্মে, প্রকল্পটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের পরিচালনা পর্ষদ, ফ্র্যাঞ্চাইজি ওভারসাইট বোর্ড (Franchise Oversight Board) এবং পাবলিক অথরিটিজ কন্ট্রোল বোর্ড (Public Authorities Control Board) থেকে এর সরকারি অনুমোদন লাভ করে।

রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিকস বলেন, "আমি নিউ ইয়র্ক আইল্যান্ডার্সকে লং আইল্যান্ডে পুনরায় স্বাগত জানাতে পেরে রোমাঞ্চিত। নতুন স্টেডিয়ামটি কর্মসংস্থান সৃষ্টি করবে এবং স্থানীয় অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করবে।এছাড়াও, এলমন্টে নতুন LIRR স্টেশন, প্রায় 50 বছরে প্রথম নতুন স্টেশন, আরো গণ পরিবহনের সুযোগ প্রদান করবে যা নিউ ইয়র্কবাসীর কর্মক্ষেত্রে যাতায়াত সহজ করবে এবং UBS এরিনাতে ন্যায্য যাতায়াতের সুযোগ নিশ্চিত করবে।"

স্টেট সিনেটর লিরয় কমরি বলেন, "দায়িত্বশীল, সম্প্রদায়ের নেতৃত্বে হওয়া অর্থনৈতিক বিকাশ নিউ ইয়র্ককে ফিরিয়ে আনার জন্য অত্যাবশ্যকীয়, এবং আমি এই সমন্বিত কাজটি নিয়ে আনন্দিত যা বেলমন্ট পার্কে অবস্থিত 1.1 বিলিয়ন মার্কিন ডলারের বহু ব্যবহারের অত্যাধুনিক UBS এরিনা খোলার মধ্যে দিয়ে আইল্যান্ডার্সদের লং আইল্যান্ডে ঘরে ফেরা দেখার জন্য কুইন্স ও নাসাউকে একত্রে এনেছে।এর পেছনে অনেক কাজ করতে হয়েছে, কিন্তু আমরা অবশেষে

শেষ সীমা অতিক্রম করছি এবং অঞ্চল ও স্টেটে অর্থনৈতিক বৃদ্ধি দেখার জন্য উদগ্রীব হয়ে আছি। আমি প্রশংসা করছি ও অভিনন্দন জানাচ্ছি গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট দল, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority,MTA)/LIRR নেতৃত্ব, UBS এরিনা অংশীদারগণ, উইলপন্স, জন লেডেকি, সংগঠিত শ্রমে আমাদের বন্ধুগণ, সরকারে আমার সহকর্মীদের, এবং সবথেকে গুরুত্বপূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিলের সম্প্রদায়ের নেতাদের এবং অন্যান্যদের যারা এলাকার মর্যাদা সংরক্ষণ ও রক্ষা করে আমাদের স্টেট ও সম্প্রদায়কে অগ্রসর করার স্বপ্ন বাস্তবায়ন করার জন্য কি করা প্রয়োজন সে ব্যাপারে অবস্থান নিয়েছেন ও কথা বলেছেন। নতুন এলমন্ট LIRR স্টেশনের জন্য চাপ প্রদান থেকে শুরু করে উন্মুক্ত স্থান ও শিক্ষা প্রোগ্রামের জন্য সচেতনতা বৃদ্ধি করা পর্যন্ত, আমাদের স্থানীয় নেতৃস্থানীয় বাসিন্দারা সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ও বিনিয়োগের পথ প্রদর্শন করেছে যা আগামী প্রজন্মগুলির জন্য লাভজনক হবে।"

স্টেট সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "বেলমন্ট পার্কের সুন্দর নতুন UBS এরিনা প্রদর্শন করে যে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব এবং উৎপাদনশীল সম্প্রদায় সংযুক্তির মাধ্যমে কী করা সম্ভব। অসাধারণ নতুন ফ্যাসিলিটিটি অবশেষে আইল্যান্ডার্সদের নাসাউ কাউন্টিতে ঘরে ফিরিয়ে আনবে যেখানে তাদের থাকার কথা, এবং এটি এমন একটি বিনোদন ও অর্থনৈতিক বিকাশের উৎস হবে যা আমাদের সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য লাভজনক হবে।দারুণ এই অর্জনের জন্য দায়িত্ব পালন করা সকলের পরিশ্রম ও নিবেদনের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ, যাদের মধ্যে রয়েছে গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কর্মীরা, সম্প্রদায়ের সদস্যরা যারা তাদের মতামত দিয়েছে, বেসরকারি খাত এবং সকল কর্মী যারা মহামারীর পুরো সময় কাজে এসেছে এবং সময়মত ও বাজেট মোতাবেক প্রকল্পটিকে শেষ করেছে। আজকে সত্যিই লং আইল্যান্ডের জন্য দারুণ একটি দিন!"

স্টেট সিনেটর টড কামিনস্কি বলেন, "আইল্যান্ডার্সদের লং আইল্যান্ডে অত্যাধুনিক এরিনাতে ঘরে ফিরিয়ে আনা একটি বিজয়। প্রকল্পটি অঞ্চলের জন্য একটি অনুঘটক হবে এবং এটি হবে বিশ্বমানের কমপ্লেক্সের সূচনা যা আশেপাশের সম্প্রদায়ের জন্য ভালো চাকরি ও গণ পরিবহন নিয়ে আসবে। আজকে প্রমাণ হল যে আমরা বড় স্বপ্ন দেখে গুরুত্বপূর্ণ, রূপান্তরকারী প্রকল্প অর্জন করতে পারি।"

অ্যাসেম্বলি মেম্বার ক্লাইড ভ্যানেল বলেন, "নিউ ইয়র্কের জন্য এটি একটি দারুণ দিন। আমরা আমাদের প্রতিবেশী হিসেবে নিউ ইয়র্ক আইল্যান্ডার্স ও UBS এরিনাকে পেয়ে অত্যন্ত আনন্দিত। দারুণ অনুষ্ঠানের পাশাপাশি, আমরা প্রত্যাশা করছি আমাদের সম্প্রদায়ের জন্য কর্মসংস্থান সৃষ্টি হবে। নতুন একটি লং আইল্যান্ড রেলরোড স্টেশন পেয়েও আমরা অত্যন্ত আনন্দিত। নতুন একটি লং আইল্যান্ড রেলরোড স্টেশন পেয়েও আমরা অত্যন্ত আনন্দিত।"

নাসাউ কাউন্টি নির্বাহী লরা কিউরান বলেন, "এটি নাসাউ কাউন্টি ও আইল্যান্ডার্সদের জন্য একটি ঐতিহাসিক দিন। বেলমন্ট প্রকল্পটি প্রথম দিন থেকেই আমাদের স্থানীয় সম্প্রদায়গুলির জন্য লাভজনক হয়েছে, নতুন কর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করেছে, আমাদের গণ পরিবহন নেটওয়ার্ক সম্প্রসারিত করেছে এবং আমাদের প্রিয় আইলসকে ঘরে ফিরিয়ে আনছে,

নাসাউয়ের জন্য এটি হ্যাটট্রিক। প্রচেষ্টার একজন উৎসুক সমর্থক হিসেবে, আমি গর্বিত যে দলটি কাজটি সম্পন্ন করেছে। চল আইল্যান্ডার্স!"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস বলেন, "কুইন্স নিউ ইয়র্ক আইল্যান্ডার্সকে আমাদের কাছের এলাকায় স্বাগত জানাতে পেরে রোমাঞ্চিত, কিন্তু আমরা দুর্দান্ত আকর্ষক নতুন UBS এরিনার উদ্বোধন যে কর্মসংস্থান সৃষ্টি ও আমাদের বরোর জন্য লাভজনক অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে সেব্যাপারেও রোমাঞ্চিত। আশা করছি আইল্যান্ডার্সরা স্ট্যানলি কাপ ঘরে আনবে এবং কুইন্স ও নাসাউ উভয় কাউন্টির জন্য অর্থনৈতিক শিখা ঘরে আনবে।"

হেম্পস্টিড টাউনের সুপারভাইজর ডোনাল্ড ক্ল্যাভিন বলেন, "আজ হেম্পস্টিড টাউনের এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি দারুণ দিন।"

লং আইল্যান্ড ফেডারেশন অফ লেবারের প্রেসিডেন্ট জন ডুর্সো বলেন, "গভর্নর হোকল, আইল্যান্ডার্সদের সংগঠন, ভক্ত, এবং অঞ্চলের কর্মজীবী মানুষ একত্রে এসে আজকের দিনকে বাস্তবে পরিণত করেছে। এটি আইল্যান্ডার্স ও লং আইল্যান্ড ইতিহাসে একটি অনন্য মুহূর্ত। সংশ্লিষ্ট সকলের আমাদের এই অর্জন নিয়ে গর্ব করা উচিত এবং ভবিষ্যতে আরো কী হয় তা দেখার জন্য উদগ্রীব হওয়া উচিত!"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট ম্যাটি আরাকিক বলেন, "NY আইল্যান্ডার্সদের লং আইল্যান্ডের ঘরের মাঠের কাজ শেষ হওয়া নিয়ে আমরা সর্বাধিক আনন্দিত। এই প্রকল্পের মাধ্যমে, আমরা দেশের সেরা বিনোদন গন্তব্য তৈরিতে "সত্যিকারের শিল্পী" হিসেবে কাজ করা আমাদের দক্ষ ট্রেডসউইমেন ও ট্রেডসমেনের কাজের চূড়ান্ত ফলাফল দেখেছি। বিল্ডিং ট্রেডস কাউন্সিল বিশেষভাবে কৃতজ্ঞ প্রকল্পটিকে নাসাউ কাউন্টির অর্থনৈতিক ইঞ্জিন বানাতে এবং পুরো প্রক্রিয়ার সময় সংগঠিত শ্রমকে সমর্থন করার ব্যাপারে গভর্নর হোকল ও NYS এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভূমিকার প্রতি।"

32BJ সার্ভিস এমপ্লয়িজ ইন্টারন্যাশনাল ইউনিয়নের (Service Employees International Union, SEIU) প্রেসিডেন্ট কাইল ব্র্যাগ বলেন, "নিউ ইয়র্কের অনুষ্ঠানের স্থান প্রস্তুত ও সচল করা আমাদের স্টেটের পুনরুদ্ধার প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ উপাদান। UBS এরিনা খুলে দেওয়ার ফলে বেলমন্টে শত শত ভালো কর্মসংস্থান সৃষ্টি হবে, যার মধ্যে থাকবে বছরজুড়ে ভালো বেতনের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা চাকরি। আমরা এই প্রকল্পকে সমর্থন করতে পেরে গর্বিত এবং এখানে অনেকগুলি প্রাণবন্ত মৌসুম দেখতে চাই।"

নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের (New York Racing Association, NYRA) প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রেসিডেন্ট ডেভ ও'রর্ক বলেন, "UBS এরিনার কাজ সম্পূর্ণ হওয়া আমাদের মনে করিয়ে দেয় যে নিউ ইয়র্ক স্টেটে সব সম্ভব। বেলমন্ট পার্ক একটি অনন্যসাধারণ সম্পদ যা ক্রীড়ার ইতিহাসের সর্বোচ্চ রোমাঞ্চক ও মনে রাখার মতো মুহূর্তের মঞ্চ প্রদান করেছে, এবং আমরা রোমাঞ্চিত UBS এরিনা ও নিউ ইয়র্ক আইল্যান্ডার্সকে তাদের নতুন ঘরে স্বাগত জানাতে পেরে, এমন একটি স্থানে যেখানে অনেক বিজয়ীরা সম্মানিত হয়েছে।"

এলমন্ট কোয়ালিশন অফ সাসটেইনেবল ডেভেলপমেন্টের (Elmont Coalition of Sustainable Development) প্রধান সান্ড্রা স্মিথ বলেন, "এরিনার কাজ শেষ হওয়া এলমন্ট সম্প্রদায়ের জন্য একটি বড় বিজয়। আমি আমাদের সম্প্রদায় উন্নত করার জন্য এবং এলমন্টের বাসিন্দাদের জন্য আরো সুযোগ সৃষ্টি করতে নিউ ইয়র্ক এরিনা পার্টনার্সের সাথে কাজ চালিয়ে যাওয়ার ব্যাপারে উৎসাহী।"

এলমন্ট কার্ডিনালসের (Elmont Cardinals) প্রেসিডেন্ট জন জনসন বলেন, "প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার জন্য এলমন্ট সম্প্রদায় অপেক্ষা করছিলো। এরিনাটি এলমন্ট সম্প্রদায়ের জন্য অনেক অর্থনৈতিক সুযোগ নিয়ে আসবে। আমি নিউ ইয়র্ক এরিনা পার্টনার্সদের সাথে কাজ চালিয়ে এলমন্ট পার্কের সংস্কার কাজ সম্পূর্ণ করতে এবং স্থানীয় সম্প্রদায়কে সমর্থন করতে আগ্রহী।"

এলমন্ট চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট জুলি মার্শেসেলা বলেন, "এলমন্ট চেম্বার অফ কমার্স নিউ ইয়র্ক আইল্যান্ডার্সকে এবং নিউ ইয়র্ক এরিনা পার্টনার্সকে এলমন্ট সম্প্রদায়ের সদস্য হিসেবে স্বাগত জানাচ্ছে। বিনোদন কমপ্লেক্সটি নিউ ইয়র্ক স্টেট, নাসাউ কাউন্টি এবং এলমন্ট সম্প্রদায়ের অর্থনৈতিক বিকাশের জন্য দীর্ঘদিনের আকাঙ্ক্ষিত একটি সংযোজন।আমরা আমাদের নতুন প্রতিবেশীদের সাথে একটি দীর্ঘ কাজের সম্পর্ক তৈরি করতে উন্মুখ!"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হচ্ছে গভর্নর ক্যাথি হোকলের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং এই স্টেটের সবচেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ড "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি (I LOVE NY)," প্রচার তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418